# AKASHVANI(AIR)

# RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 09-07-2026** **Time: 7.50 PM**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) তৃণমূল কংগ্রেস সরকারের ১৫ বছরের শাসনকালে বিভিন্ন সরকারি দফতরে আর্থিক অনিয়ম ও দুর্নীতির অভিযোগ খতিয়ে দেখতে শ্বেতপত্র প্রকাশের প্রক্রিয়া শুরু হয়েছে।

২) তৃণমূল কংগ্রেসের রাজ্যসভার তিন প্রাক্তন সাংসদ সুখেন্দুশেখর রায়, সুস্মিতা দেব এবং প্রকাশ চিক বরাইক বিজেপিতে যোগদান করেছেন।

৩) রাজ্যের সরকারি হাসপাতালগুলিতে দালাল চক্র রুখতে সরকার সব ধরনের ব্যবস্থা নিয়েছে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন।

এদিকে, স্বাস্থ্য মন্ত্রী শারদ্বত্ মুখোপাধ্যায় বলেছেন, সরকারি হাসপাতালে মেয়াদ উত্তীর্ন ওষুধের ব্যবহার রুখতে প্রতি সপ্তাহে হাসপাতালের ওয়ার্ডগুলিতে চিরুণী তল্লাশি চালানো হবে।

৪) রাজ্য সরকার, কম্পিউটার পরীক্ষা না দিয়েই পদোন্নতি পাওয়া একাংশ সরকারি কর্মীদের বার্ষিক বেতন বৃদ্ধি বা ইনক্রিমেন্ট স্থগিত রাখার সিদ্ধান্ত নিয়েছে।

৫) দক্ষিণ ২৪ পরগনার বারুইপুরে নাবালিকার ধর্ষণ ও খুনের ঘটনার পর এনকাউন্টারে প্রভাস মন্ডলের মৃত্যুর তদন্তভার দেওয়া হয়েছে রাজ্য পুলিশের সিআইডি-কে।

৬) নিম্নচাপ অক্ষরেখা ও ঘূর্ণাবর্তের প্রেক্ষিতে কলকাতা সহ দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আগামী ৫ দিন ভারি বৃষ্টির পূর্বাভাস। উত্তরবঙ্গেও ভারি থেকে অতি ভারি বৃষ্টির কমলা সতর্কতা জারি।

---

তৃণমূল কংগ্রেস সরকারের ১৫ বছরের শাসনকালে বিভিন্ন সরকারি দফতরে আর্থিক অনিয়ম ও দুর্নীতির অভিযোগ খতিয়ে দেখতে শ্বেতপত্র প্রকাশের প্রক্রিয়া শুরু হয়েছে। নবান্নে আজ অর্থমন্ত্রী স্বপন দাশগুপ্তের পৌরোহিত্যে এই সংক্রান্ত প্রথম উচ্চপর্যায়ের বৈঠকে বিভিন্ন দফতরের সচিবদের কাছ থেকে প্রকল্পভিত্তিক তথ্য ও নথি চাওয়া হয়েছে। বিশেষ করে কেন্দ্রীয় প্রকল্পের অর্থ অন্য খাতে ব্যবহার, বরাদ্দে অপব্যবহার ও আর্থিক অনিয়মের অভিযোগ খতিয়ে দেখে পূর্ণাঙ্গ রিপোর্ট তৈরির নির্দেশ দেওয়া হয়েছে। বিভিন্ন দফতরের ওই রিপোর্টের ভিত্তিতেই তৃণমূল কংগ্রেস আমলের আর্থিক অনিয়ম নিয়ে শ্বেতপত্র প্রকাশ করা হবে বলে নবান্নে প্রশাসনিক সূত্রে জানা গেছে।

উল্লেখ্য আজকের বৈঠকে শিল্পমন্ত্রী তাপস রায়, পঞ্চায়েত মন্ত্রী দিলীপ ঘোষ এবং একাধিক দফতরের মন্ত্রীরাও উপস্থিত ছিলেন।

---

তৃণমূল কংগ্রেসের তিনটি ব্যাঙ্ক অ্যাকাউন্টে লেনদেন স্বাভাবিক করতে নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। তবে প্রাক্তন বিচারপতি সুব্রত তালুকদার এই অ্যাকাউন্টগুলিতে নিয়মিত লেনদেন তদারক করবেন। তৃণমূল কংগ্রেসের দুজন দায়িত্বপ্রাপ্ত আধিকারিকের স্বাক্ষরের পর চেকে টাকা তোলার অনুমোদন দেবেন প্রাক্তন বিচারপতি। আগামী ৩০ শে সেপ্টেম্বর পর্যন্ত এই ব্যবস্থা বজায় থাকবে বলে বিচারপতি সৌগত ভট্টাচার্য আজ নির্দেশ দিয়েছেন।

উল্লেখ্য, গতকালই অবৈধ অর্থ স্থানান্তরের একটি মামলায় তৃণমূল কংগ্রেসের ৪৪০ কোটি টাকা ফ্রিজ করেছে ইডি।

-----------------------

তৃণমূল কংগ্রেসের রাজ্যসভার তিন প্রাক্তন সাংসদ সুখেন্দুশেখর রায়, সুস্মিতা দেব এবং প্রকাশ চিক বরাইক বিজেপিতে যোগদান করেছেন। দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে আনুষ্ঠানিকভাবে তাদের হাতে দলীয় পতাকা তুলে দেন।

শমীক বাবু পরে সাংবাদিকদের বলেন, এই তিনজনের তাদের দলে যোগদান ব্যতিক্রমী ঘটনা। তৃণমূল নেতাকর্মীদের দলে নেওয়ার ব্যাপারে যে নীতি ছিল, তা থেকে তারা সরে আসছেন না। তবে তৃণমূল কংগ্রেসে থেকেও যারা দুর্নীতি করেন নি, বিজেপি তাদের পাশে থাকবে। এই তিন নেতা যে দলরেই হোক না কেন, সংসদে তারা প্রশংসনীয় কাজ করেছেন বলেও উল্লেখ করেন শমীক বাবু।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে দেশের উন্নয়নকে ত্বরান্বিত করতে বিজেপির প্রতি আস্থা রেখেই এই তিন জন আজ এই দলে যোগদান করেছেন।

বাইট

-----------------------

এদিকে, তৃণমূল কংগ্রেস নেত্রী ও দলের রাজ্যসভার সাংসদ দোলা সেন বলেন , তাদের বিজেপিতে চলে যাওয়া নিয়ে তৃণমূল কংগ্রেসের কিছু যায় আসে না। এই দল বদলকে তুচ্ছ খবর বলে মন্তব্য করেন তিনি।

-----------------------

পদ্মশ্রী সম্মানে ভূষিত চিত্রতারকা প্রসেনজিৎ চট্টোপাধ্যায় আজ নবান্নে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর সঙ্গে সাক্ষাৎ করেন। সূত্রের খবর, বিজেপি সাংসদ শতাব্দী রায় ও ইউসুফ পাঠানও আজ মুখ্যমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেছেন। বেশ কিছুক্ষণ তাঁদের মধ্যে আলোচনা হয়। বৈঠক সম্পর্কে সরকারিভাবে কিছু জানানো না হলেও, রাজনৈতিক মহলে জল্পনা, রাজ্যসভার শূন্য আসনের উপনির্বাচনে প্রসেনজিৎ চট্টোপাধ্যায়কে প্রার্থী করা হতে পারে। উল্লেখ্য, সম্প্রতি কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ কলকাতা সফরে এসে প্রসেনজিৎ চট্টোপাধ্যায়ের বাসভবনে গিয়ে তাঁর সঙ্গে সাক্ষাৎ করেছিলেন।

----------------------

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ পশ্চিমবঙ্গ সহ বিভিন্ন রাজ্যের সীমান্তবর্তী জেলাগুলি পুলিশ সুপারদের নিয়ে এক বৈঠক করেন। স্পর্শকাতর এলাকাগুলির বর্তমান পরিস্থিতি খতিয়ে দেখে দেশের সীমান্ত নিরাপত্তা আরও জোরদার করা এবং সুরক্ষা ব্যবস্থা বৃদ্ধি করার বিষয়ে পর্যালোচনা করা হয় বৈঠকে। অনুপ্রবেশ, অবৈধ অভিবাসন, সীমান্ত সুরক্ষা, ও মাদক পাচারের মত বিষয়ও ছিল আলোচ্য সূচীতে। পশ্চিমবঙ্গ সহ দেশের পূর্বাঞ্চলে আন্তর্জাতিক সীমান্ত লাগোয়া জেলাগুলিতে অনুপ্রবেশের ফলে জনবিন্যাস পালটে দেবার যে সংগঠিত অপরাধ চক্র চলেছে, তার বিরুদ্ধে কেন্দ্রের তৎপরতার মধ্যেই আজকের এই বৈঠক।

উল্লেখ্য দেশের বিভিন্ন স্থানে জনবিন্যাসের পরিবর্তিত প্রভাব ও তার সম্ভাব্য কারণ খতিয়ে দেখতে সম্প্রতি এক উচ্চপর্যায়ের কমিটি গঠন করা হয়।

----------------------

রাজ্যের সরকারি হাসপাতালগুলিতে দালাল চক্র রুখতে সরকার সব ধরনের ব্যবস্থা নিয়েছে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন। তিনি আজ নবান্ন যাওয়ার পথে বিধাননগরে স্বাস্থ্য ভবনে গিয়ে হাসপাতালগুলির ওপর নজরদারির জন্য সম্প্রতি সেখানে যে কন্ট্রোল রুম চালু করা হয়েছে তা ঘুরে দেখেন। মুখ্যমন্ত্রীর সঙ্গে ছিলেন স্বাস্থ্যমন্ত্রী শারদ্বত মুখোপাধ্যায়ও। এরপরে মুখ্যমন্ত্রী স্বাস্থ্য আধিকারিকদের সঙ্গে কথা বলেন। তিনি জানান, দালাল চক্র রুখতে কলকাতার পর মহকুমা হাসপাতালগুলিতেও ৩০ শে জুলাইয়ের মধ্যে নজরদারি শুরু হবে।

বাইট

রোগীদের জন্য খাবারের বরাদ্দ ৫৪ টাকা থেকে বাড়িয়ে ১১০ টাকা করা হয়েছে বলেও মুখ্যমন্ত্রী জানান। পাশাপাশি স্বাস্থ্য কর্মীদের সুরক্ষা দেওয়ারও আশ্বাস দিয়েছেন তিনি।

মুখ্যমন্ত্রী আরও বলেন, আদানি শিল্প গোষ্ঠী নিউ টাউনে দুই হাজার শয্যার অত্যাধুনিক হাসপাতাল তৈরি করবে। সেখানে অর্ধেক শয্যা বরাদ্দ থাকবে গরিব ও প্রান্তিক মানুষদের জন্য।

এদিকে, স্বাস্থ্য মন্ত্রী ডাক্তার শারদ্বত মুখোপাধ্যায় বলেছেন, সরকারি হাসপাতালে যাতে মেয়াদ উত্তীর্ণ ওষুধ ব্যবহার না হয় সেই লক্ষ্যে রাজ্য সরকার প্রতি সপ্তাহে হাসপাতালের প্রতিটি ওয়ার্ডে চিরুনি তল্লাশি চালাবে। তিনি আজ উত্তর চব্বিশ পরগনার বারাসাত মেডিকেল কলেজ ও হাসপাতাল পরিদর্শনের ফাঁকে সাংবাদিকদের একথা বলেন।

বাইট

তিনি আরও জানান, বেসরকারি হাসপাতালে ২ হাজার ২৫০ টি শয্যা দরিদ্র পরিবারের রোগীদের বিনা মূল্যে চিকিৎসার জন্য নির্দিষ্ট হয়েছে। কিভাবে এই পরিষেবা চালু হবে তার মান্য কার্য বিধি তৈরি করা হচ্ছে। প্রান্তিক এলাকায় রোগীদের সুবিধার্থে ৫০ থেকে ১০০ টি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে শয্যার ব্যবস্থা করা হবে।

হাসপাতালে পরিদর্শনের সময় পরিচ্ছন্নতা নিয়ে তীব্র ক্ষোভ প্রকাশ করেন স্বাস্থ্য মন্ত্রী। ওয়ার্ড পরিষ্কার না থাকার জন্য তিনি ওয়ার্ড মাস্টার সহ বেশ কয়েকজন স্বাস্থ্য কর্মীকে শো কজের নির্দেশ দেন স্বাস্থ্য মন্ত্রী।

----------------------

রাজ্য সরকার , কম্পিউটার পরীক্ষা না দিয়েই পদোন্নতি পাওয়া একাংশ সরকারি কর্মীদের বার্ষিক বেতন বৃদ্ধি বা ইনক্রিমেন্ট স্থগিত রাখার সিদ্ধান্ত নিয়েছে। এই মর্মে রাজ্যের অর্থ দপ্তর এক বিজ্ঞপ্তি জারি করেছে। এতে বলা হয়েছে ২০১৯ সালের ২৪ জানুয়ারি থেকে এপর্যন্ত যাঁরা কম্পিউটার অপারেশন ও টাইপিং পরীক্ষায় ছাড় পেয়ে নিয়ম বহির্ভূতভাবে এল ডিসি, এল ডি এ বা তার ঊর্ধ্বতন হিসেবে উন্নীত হয়েছেন, তাঁদের পদোন্নতি বাতিল করা না হলেও নির্ধারিত পরীক্ষা পাশ না করা পর্যন্ত বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত থাকবে।

সংশ্লিষ্ট কর্মীদের নেতাজি সুভাষ অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রেনিং ইনস্টিটিউট (এনএসএটিআই) পরিচালিত নির্ধারিত পরীক্ষা পাশ করতেই হবে বলে জানানো হয়েছে। পরীক্ষা উত্তীর্ণ হওয়ার পর স্থগিত ইনক্রিমেন্ট নথিগতভাবে (নোশনালি) ফিরিয়ে দেওয়া হবে এবং পরীক্ষায় সফল ঘোষণার পর থেকে আর্থিক সুবিধা কার্যকর হবে। একই সঙ্গে পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার তারিখের ভিত্তিতে তাঁদের সিনিয়ারিটি নতুন করে নির্ধারণ করা হবে। এছাড়া এই সব কর্মীদের অনিয়মিত বা এক্স ক্যাডার কর্মী হিসাবে গণ্য করা হবে।

সরকার আরও স্পষ্ট জানিয়েছে, এই নির্দেশিকা জারির পর নিয়ম ভেঙে কাউকে একই ধরনের ছাড় দিয়ে পদোন্নতি দেওয়া হয়, তবে তা অনিয়ম হিসেবে গণ্য হবে এবং বাতিল করা হতে পারে।

ইতিমধ্যেই অবসর নেওয়া কর্মীদের ক্ষেত্রে অবশ্য এই নির্দেশ কার্যকর হবে না।

-----------------------

পুর নিয়োগ দুর্নীতি মামলায় প্রাক্তন দমকলমন্ত্রী সুজিত বসুর বিরুদ্ধে চার্জশিট জমা দিয়েছে এনফোর্সমেন্ট নির্দেশালয়- ইডি। চার্জ শিটে নাম রয়েছে সুজিত বসুর ছেলে সমুদ্র বসুরও। তাঁর দুই সংস্থা এবং আমলা জ্যোতিষ্মান চট্টোপাধ্যায়ের নাম রয়েছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার চার্জশীটে। চার্জশিটে দাবি করা হয়েছে যে, ৩৪০ জনের কাছ থেকে কমবেশি ৬ লক্ষ টাকা করে নিয়েছিলেন অভিযুক্ত সুজিত। তার মধ্যে ২৮৪ জন অবৈধ উপায়ে নিয়োগ পেয়েছিলেন। গোটা রাজ্যে মোট ২৫০ কোটির দুর্নীতি হয়েছে বলে দাবি করেছে ইডি।

-----------------------

এনফোর্সমেন্ট নির্দেশালয় - ইডি আজ রাজ্যের একাধিক জায়গায় তল্লাশি চালায়। দুর্গাপুরের অন্ডালে ইসিএলের প্রাক্তন কর্মী দিলীপ মল্লিক, হাওড়ার ব্যাটরায় চিটফান্ড মামলায় সৌরভ চট্টোপাধ্যায় এবং নদিয়ার কালীনারায়ণপুরে শেয়ারবাজার সংক্রান্ত একটি ভুয়ো সংস্থার কর্ণধারের বাড়িতে এই তল্লাশি চলে। এছাড়া হুগলীর হিন্দমোটরের সাত নম্বর ওয়ার্ডে সর্বভারতীয় রিটেল ব্যাবসার সঙ্গে যুক্ত ভাস্কর পন্ডিতের বাড়িতেও চলে তল্লাশি। বিভিন্ন নথি ও ফাইলপত্র উদ্ধার হয়েছে বলে ইডি সূত্রে জানা গেছে।

অন্যদিকে পশ্চিম মেদিনীপুরের খড়গপুরে এক রেল কর্মীর বাড়িতেও ইডি আধিকারিকরা তল্লাশি চালান। বিস্তারিত এখনও জানা যায়নি।

-----------------------

বিধানসভা নির্বাচন এর সময় অভিষেক ব্যানার্জীর ডিজে বিতর্ক মামলায়, বিজেপি বিধায়ক বিকর্ণ নস্কর এর বয়ান রেকর্ড করেছে সিআইডি। গোসাবার বিধায়ক আজ ভবানী ভবনে যান। অভিষেকের মন্তব্যের জেরেই তাঁর উপর হামলা হয়েছিল বলে থানায় অভিযোগ দায়ের করেছিলেন বিকর্ণ নস্কর।

-----------------------

দক্ষিণ ২৪ পরগনার বারুইপুরে নাবালিকার ধর্ষণ ও খুনের ঘটনার পর এনকাউন্টারে অন্যতম অভিযুক্ত প্রভাস মন্ডলের মৃত্যুর তদন্তভার দেওয়া হয়েছে রাজ্য পুলিশের সিআইডি-কে। এই ঘটনায় ইতিমধ্যেই বিচারবিভাগীয় তদন্তও করা হয়েছে। পুলিশের তরফে জানা গেছে, মঙ্গলবার রাত পৌনে একটা নাগাদ অভিযুক্ত প্রভাসকে নিয়ে ঘটনার পুনর্নির্মানের জন্য আধিকারিকরা ঘটনাস্থলে গেলে প্রভাস এক পুলিশ কর্মীরা কাছ থেকে বন্দুক ছিনিয়ে নিয়ে গুলি চালায়। আত্মরক্ষার্থে পুলিশের পাল্টা গুলিতে মৃত্যু হয় প্রভাসের।

এদিকে, এই ঘটনায় ধৃত চতুর্থ অভিযুক্ত কবীর মোল্লাকে ১০ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে। তাকে আজ বারুইপুর মহকুমা আদালতে তোলা হয়।

অন্যদিকে, সূর্যপুরে ঐ নাবালিকাকে ধর্ষণ ও খুনের ঘটনার জেরে গণ পিটুনিতে মৃত্যু, পুলিশের ওপর হামলা, ভাঙচুর ও অগ্নি সংযোগের মামলায় পুলিশ আরও ১০

জনকে গ্রেফতার করেছে। এদেরও আজ আদালতে তোলা হলে ৮ দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেওয়া হয়েছে।

এদিকে, সূর্যপুরের ঐ ঘটনার পর সেখানে পুলিশ ফাঁড়ি বসানোর জন্য বাড়ি চিহ্নিত করা হয়েছে। ইতোমধ্যেই কাজ শুরু হয়েছে বলেও পুলিশ সূত্রে জানা গেছে।

----------------------

উত্তর ২৪ পরগণার সুটিয়ায় বরুণ বিশ্বাস হত্যা মামলার তদন্ত শুরু করল সিআইডি। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী এই মামলায় উপযুক্ত ব্যবস্থা গ্রহণের আশ্বাস দেওয়ার পর সিআইআডির আধিকারিকরা আজ রবরুণের বাড়িতে যান। কথা বলেন, তাঁর দিদি প্রমীলা ও দাদা অসিত বিশ্বাসের সঙ্গে।

উল্লেখ্য, ১৪ বছর আগে বনগাঁ স্টেশনে গুলিবিদ্ধ হয়ে প্রাণ হারান শিক্ষক বরুণ বিশ্বাস। এই ঘটনায় উত্তাল হয়ে ওঠে রাজ্য রাজনীতি। প্রাক্তন খাদ্যমন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিকের ঐ ঘটনায় জড়িত থাকারও অভিযোগ ওঠে।

----------------------

দক্ষিণবঙ্গের উপর মৌসুমী নিম্নচাপ অক্ষরেখা এবং পশ্চিমবঙ্গ লাগোয়া বাংলাদেশে একটি ঘূর্ণাবর্ত্ অবস্থান করছে। পরবর্তীতে এই ঘূর্ণাবর্ত দক্ষিণবঙ্গের উপর আসার সম্ভাবনা থাকায়, আগামী পাঁচ দিন কলকাতা সহ দক্ষিণবঙ্গে ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। বৃষ্টিপাত বেশি থাকবে উপকূলবর্তী জেলাগুলিতে। বজ্রবিদ্যুত সহ বৃষ্টির সঙ্গে ঘণ্টায় ৪০ থেকে ৫০কিলোমিটার বেগে দমকা হাওয়া বয়ে যাবে। সেই কারণে আজ ও আগামীকাল মৎস্যজীবীদের সমুদ্র যেতে নিষেধ করা হয়েছে।

উত্তরবঙ্গের হিমালয় সংলগ্ন জেলাগুলিতে আজ ও আগামীকাল ভারী থেকে অতি ভারী বৃষ্টি, বজ্রবিদ্যুৎ ও দমকা হওয়ার কমলা সতর্কতা জারি করা হয়েছে । উত্তর ও দক্ষিণ দিনাজপুর এবং মালদায় জারি হয়েছে হলুদ সর্তকতা। প্রবল বৃষ্টির কারণে ভূমিধ্বসের সম্ভাবনার কথাও জানানো হয়েছে।

---------------------- ----------------------